

যুক্তরাজ্যে লেখাপড়া করতে ইচ্ছুক বাংলাদেশী ছাত্র-ছাত্রীদের জ্ঞাতার্থ

ইত্তেফাক রিপোর্ট । যুক্তরাজ্যে লেখাপড়া করতে ইচ্ছুক বাংলাদেশী ছাত্র-ছাত্রীদেরকে এখন থেকে ঢাকায় বৃটিশ কাউন্সিলে প্রয়োজনীয় কাগজপত্র জমা দিয়ে ই ডট ডকুমেন্ট (ইলেকট্রনিক ডকুমেন্ট চেজিং) প্রক্রিয়া সম্পাদন করতে হবে। বৃটিশ কাউন্সিল এজেন্সি সময় নেবে মাত্র ৪ দিন। বৃটিশ কাউন্সিল ছাড়পত্র দিলে যাবিধারায় বৃটিশ হাইকমিশনের কাগজপত্র জমা দেয়ার দিনই ভিসা পাওয়ার না পাওয়ার সিদ্ধান্ত জানা যাবে। হাইকমিশনের ভিসা সেকশনের প্রধান মাইকেল জন হুগয়ে গতকাল বুধবার বিভিন্ন পত্রিকার সাংবাদিকদের সাথে মতবিনিময়কালে জানান, যুক্তরাজ্যে লেখাপড়া করতে ইচ্ছুক মেধাশীল ছাত্র-ছাত্রীদেরকে ভিসা পাওয়ার ক্ষেত্রে আমেদন করতে তারা এই সিদ্ধান্ত নেয়া হয়েছে। কাগজপত্রের মধ্যে যুক্তরাজ্যের নির্ধারিত কলেজ অথবা বিশ্ববিদ্যালয়ের 'অফার লেটার', আইইএনটিএস অথবা টেকনের কন্সল এবং একটি রসিন পাসপোর্ট ছবি জমা দিতে হবে। ই ডট ডকুমেন্ট এর ফিস ধার্য করা হয়েছে ৭৯ টাকা। ইডস ছাড়পত্র দিলে বৃটিশ হাইকমিশনের ভিসা শাখায় ৩ হাজার ৬৯ টাকাসহ ভিসার জন্য আমেদনপত্র জমা দিতে হবে।

ইংরেজী না জানার কারণে

গত বছর যুক্তরাজ্যে যাবার জন্য ২৮ হাজার ৫২৫ জন বাংলাদেশী বৃটিশ হাইকমিশনের ভিসা সেকশনে আমেদন করেছিল। শতকরা ৭৫ জনকে ভিসা প্রদান করা হয়েছে। আমেদনকারীদের মধ্যে ৮৫ জনই ছিল ছাত্র-ছাত্রী। এদের মধ্যে শতকরা ৫০ জনই ভিসা পেয়েছে। ভিসা সেকশনের প্রধান বলেন, ইংরেজীতে দক্ষতা না থাকায় অনেকে ভিসা পায় না। মতবিনিময়ের পর সাংবাদিকদেরকে ভিসা সম্পর্কিত বিভিন্ন কার্যক্রম দেখানো হয়। পর পর ৩টি ভেত্রে ৩ জন তরুণ ভিসার জন্য সাফল্যের দিল্লিগেলো। প্রথম জনের ব্যাপারে জানা গেল, ইংরেজীতে কিছুই দুর্বল। দ্বিতীয় জন জাল-সার্টিফিকেট জমা দিয়েছে। তৃতীয় জন তরুণী বানাতে পারে এ মর্মে সার্টিফিকেট জমা দিয়েছে। অথচ এক প্রশ্নের জবাবে জানান, সে তরুণী বানাতে জানে না।